


14 JAN 1987

তাৰিখ

পৃষ্ঠা

৫ কলাম



201

উপজেলা পরিক্রমা

নিয়ামতপুর

নিয়ামতপুর (নওগা), ১১৩, জানুয়ারী (সংবাদদাতা)।— নওগা, জেলার নিয়ামতপুর উপজেলার আয়তন ১৭৪ বর্গ মাইল। মোট জমির পরিমাণ ১ লাখ ১০ হাজার ৭শ' ২০ একর। আবাদী জমি ৮৯ হাজার ২শ' ২০ একর। অনাবাদী জমি ১ হাজার ৯শ' ৬ একর ও আবাদযোগ্য অনাবাদী জমির পরিমাণ ১ হাজার ৯শ' একর। ইউনিয়ন চাটি লোক সংখ্যা ১ লাখ ৫০ হাজার ৭শ' ৯৭ জন। পুরুষ ৭৫ হাজার ৩শ' ৭ জন, মহিলা ৭৪ হাজার ৯শ' ১০ জন। প্রতি বর্গ মাইলে ৮শ' ৬২ জন। লোক বাস করে। এ উপজেলা থাদে স্বয়ংসম্পর্ক।

এ উপজেলার শিক্ষা ব্যবস্থা অত্যন্ত কুরুণ। শিক্ষিতের হার পুরুষ মহিলা সমষ্টিয়ে ২১ দশমিক ১০ ভাগ। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৭০টি। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৮টি। জুনিয়র হাইস্কুল ৬টি, হাইস্কুল ১৪টি তার মধ্যে ১টি বালিকা বিদ্যালয়। কলেজ উচ্চমাধ্যমিক মানের ২টি। মাদ্রাসা এবত্তেদারী-মঙ্গুরি প্রাপ্ত ১৮টি, দাখিল ৪টি, আলিম ২টি। শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস কুম-সংকট অর্থ ও আসবাবপত্র সংকট প্রকট।

যোগাযোগ ব্যবস্থা

নিয়ামতপুর উপজেলার কোন যোগাযোগ

ব্যবস্থা নেই। জেলা সদরের সাথে ক'দিন হল পর পর বাস-ট্রাক যাতায়াত করছিল। এতে যাতায়াত করা ভাগের কথা। বিভাগীয় শহর-রাজশাহীর সাথে যে যোগাযোগ রয়েছে তা জেলা শহরের মতোই। ইউনিয়নগুলোর সাথে উপজেলার কোন যোগাযোগ নেই। বরেন্দ্র ভূমির এ উপজেলায় রয়েছে লাল মাটি। বাটি হলে যেমন চলাচল করা যায় না তেমনি গ্রীষ্মের দিনে ধূলো বড়ের কারণে যাতায়াত অসম্ভব হয়ে পড়ে।

চিকিৎসা

উপজেলা স্বাস্থ কেন্দ্রটি জনসাধারণের উপকারে আসে না। প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রীর অভাব ও উপকরণের অভাবে ন্যূনতম জীবন রক্ষাকারী চিকিৎসা থেকে জনগণ বঞ্চিত হচ্ছে। ইউনিয়ন পরিকল্পনা কেন্দ্রগুলোর অবস্থা আরও করণ, কখনো ডাক্তার নেই, ওষুধ নেই। আজ পর্যন্ত জনগণ জানতে পারেন যে, তাদের জন্য সরকার চিকিৎসার ব্যবস্থা তাদের পাশেই করে রেখেছেন।

এ ছাড়াও উপজেলার হাট-রাজারগুলো সংস্কার একান্ত প্রয়োজন। এ উপজেলার টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও বিদ্যুতায়িতকরণ প্রয়োজন। এর অভাবে উন্নয়ন কর্মকাণ্ড মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।